

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৪৮-আইন/আয়কর-৪২/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড উৎসে কর বিধিমালা, ২০২৪ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৩ এ উল্লিখিত সারণীর পরিবর্তে নিম্নরূপ সারণী প্রতিস্থাপিত হইবে, যথা:—

“সারণী

ক্রমিক নং	বর্ণনা	হার
(১)	(২)	(৩)
১।	এমএস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত এম এস স্ক্যাপের ক্ষেত্রে	০.৫%
২।	পেট্রোলিয়াম তেল এবং লুব্রিকেন্ট বিপণনে নিযুক্ত তেল বিপণন কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে	০.৬%
৩।	পেট্রোলিয়াম তেল বিপণন কোম্পানির ফিলিং স্টেশন ব্যতীত অন্য কোনো ডিলার বা এজেন্ট কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে	১%
৪।	ধান, চাল, গম, আলু, মাছ, মাংস, পিঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, খেজুর, তেজপাতা, পাট, তুলা এবং সুতা সরবরাহের ক্ষেত্রে	১%
৫।	সকল প্রকারের ফল সরবরাহের ক্ষেত্রে	২%
৬।	এমএস বিলেট ব্যতীত লৌহ বা লৌহ পণ্য, ফেরো অ্যালয় পণ্য, সিরামিক তৈজস পণ্য ও সিমেন্ট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে	২%
৭।	তেলশোধন (oil refinery) কার্যক্রমে নিযুক্ত কোনো কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে	২%
৮।	গ্যাস বিতরণে নিযুক্ত কোম্পানির ক্ষেত্রে	২%

(১)	(২)	(৩)
৯।	গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে	৩%
১০।	স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization line রহিয়াছে এইরূপ কোনো কোম্পানি কর্তৃক তৈয়ারকৃত ৩৩ কেভি হইতে ৫০০ কেভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে	৩%
১১।	সরকার, সরকারের কোনো কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধীনস্থ অফিস ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে	৩%
১২।	রিসাইকেল্ড সিসা সরবরাহের ক্ষেত্রে	৩%
১৩।	শিল্পোৎপাদনে ব্যবহৃত কীচামাল সরবরাহের ক্ষেত্রে	৩%
১৪।	ক। সারণী ক্রমিক নং ১ হইতে ১২ তে বর্ণিত হয় নাই এমন সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে— খ। ধারা ৮৯ এ উল্লিখিত অন্যান্য সকল ক্ষেত্রে—	৫%

(খ) বিধি ৬ এর—

(অ) উপ-বিধি (১) এ উল্লিখিত “(a), (aa), (aaa),” বন্ধনীগুলি, বর্ণগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে;

(আ) উপ-বিধি (৫) এর—

(i) দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(চ) পণ বা পণের বিকল্প কোনো সুবিধাবিহীন দলিল, যেমন: দান, উইল, অছিয়ত বা এওয়াজ অথবা বিনিময় দলিল নিবন্ধন।”;

(ii) দফা (ছ) বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৪ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

এ কে এম বদিউল আলম

সদস্য (কর নীতি)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd